

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫৩০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৩১]

পর্ব-৬: সালাতের সময়সীমা (১ হান্চ)

পরিচ্ছেদঃ ২০: 'ইশার সালাত দেরী করে আদায় করা মুস্তাহাব

ما يستحب من تأخير العشاء

আরবী

أَخْبَرَنَا سُوَيْدُ بْنُ نَصْرٍ، قال: أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ، عَنْ عَوْفٍ، عَنْ سَيَّارِ بْنِ سَلَامَة، قال: دَخَلْتُ أَنَا وَأَبِي عَلَى أَبِي بَرْزَة الْأَسْلَمِيّ، فَقَالَ لَهُ أَبِي أَخْبِرْنَا كَيْفَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِّي الْمَكْتُوبَة، قَالَ: كَانَ يُصلِّي الْهَجِيرَ الَّتِي تَدْعُونَهَا الْأُولَى حِينَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِّي الْمَكْتُوبَة، قَالَ: كَانَ يُصلِّي الْهَجِيرَ الَّتِي تَدْعُونَهَا الْأُولَى حِينَ تَدْحَضُ الشَّمْسُ، وَكَانَ يُصلِّي الْعَصْرَ ثُمَّ يَرْجِعُ أَحَدُنَا إِلَى رَحْلِهِ فِي أَقْصَى الْمَدِينَةِ وَالشَّمْسُ حَيَّة، قَالَ: وَنَسِيتُ مَا قَالَ فِي الْمَغْرِب، قَالَ: وَكَانَ يَسْتَحِبُ أَنْ تُوَخَّرَ صَلَاةُ الْعِشَاءِ النَّتِي تَدْعُونَهَا الْعَتَمَة، قَالَ: وَكَانَ يَكْرَهُ النَّوْمَ قَبْلَهَا وَالْحَدِيثَ بَعْدَهَا، وَكَانَ يَنْفَتِلُ مِنْ صَلَاةِ الْغَدَاةِ حِينَ يَعْرِفُ الرَّجُلُ جَلِيسَهُ، وَكَانَ يَقْرَأُ بِالسِّتِينَ إِلَى الْمِائَةِ .

تخریج دارالدعوه: انظر حدیث رقم:۴۹٦ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 531 _ صحيح

বাংলা

৫৩০. সুওয়াইদ ইবনু নামর (রহ.) সাইয়ার ইবনু সালামাহ (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি এবং আমার পিতা আবৃ বার্যাহ আল আসালামী (রাঃ)-এর কাছে উপস্থিত হলাম। আমার পিতা তাঁকে বললেন, রাসূলুল্লাহ (সা.) ফর্য সালাত কিভাবে আদায় করতেন তা আমাকে অবহিত করুন। তিনি বললেন, সূর্য পশ্চিম আকাশে ঢলে পড়লে যুহরের সালাত আদায় করতেন, যাকে তোমরা (সালাতে) উলা-' বলে থাক এবং 'আসরের সালাত এমন সময় আদায় করতেন যে, আমাদের কেউ মদীনার দূরপ্রান্তে নিজ অবস্থানে চলে যেতে পারত, তখনো সূর্য দীপ্তিমান থাকত। বর্ণনাকারী সাইয়ার (রহ.) বলেন, মাগরিব সম্বন্ধে কি বলেছিলেন আমার স্মরণে নেই। ইশার সালাত যাকে তোমরা 'আত্বমাহ' বল, দেরীতে আদায় করা তিনি পছন্দ করতেন। "ইশার আগে ঘুমানো ও তারপর



কথা বলাকে অপছন্দ করতেন। আর ফজরের সালাত আদায় করে এমন সময় ফিরতেন যখন কোন ব্যক্তি তার পার্শ্ববর্তী লোককে চিনতে পারত। তিনি ফজরের সালাতে ষাট হতে একশত আয়াত পর্যন্ত পাঠ করতেন।

English

20. What Is Recommended Regarding Delaying 'Isha'

Sayyar bin Salamah said: My father and I entered upon Abu Barzah, and my father said to him: 'How did the Messenger of Allah (ﷺ) pray the prescribed prayers?' He said: He used to pray Zuhr, which you call Al-Uala (the first) when the sun passed its zenith; he used to pray 'Asr then one of us could go back to his home in the farthest part of Al-Madinah when the sun was still bright.' - He said: I forgot what he said to me about Maghrib. - And he used to like to delay 'Isha', which you call Al-'Atamah, and he did not like to sleep before it nor speak after it. And he used to finish the Al-Ghadah (Fajr) prayer when a man could recognize his neighbor, and he used to recite between sixty and one hundred verses.'

ফুটনোট

সহীহ: বুখারি ৫৪৭, মুসলিম ৬৪৭। দ্রিঃ ৪৯৫]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সায়্যার ইবনু সালামাহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন